

অতি জরুরি  
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
মাঠ প্রশাসন-৪ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নং-০৫.০০.০০০০.১৪০.১৯.০২৫.১৫-১০৯৫

তারিখ: ০৭ পৌষ, ১৪২২  
২১ ডিসেম্বর, ২০১৫


বিষয়: এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ।

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয় এর ১০ ডিসেম্বর, ২০১৫ খ্রিঃ তারিখের স্মারক নং-১৭.০০.০০০০.০৪৫.১১.০০৭.১৫-৯৭।

উপরিউক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৩০ ডিসেম্বর, ২০১৫ খ্রিঃ তারিখ বুধবার দেশের ২৩৫টি পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর নির্বাচনের উদ্দেশ্যে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে আচরণ বিধি সংক্রান্ত মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্ত প্রতিটি পৌরসভার প্রতি ০৩(তিন) টি ওয়ার্ডের জন্য ০১ (এক) জন করে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগের জন্য সূত্রোক্ত পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। এ লক্ষ্যে ইতোমধ্যে তাঁর কার্যালয়ে প্রয়োজনীয় সংখ্যক এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়ুক্ত করা হয়েছে।

০২। এমতাবস্থায়, সূত্রোক্ত পত্রের মর্মানুযায়ী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগের জন্য এবং এ লক্ষ্যে জারিকৃত অফিস আদেশ তাঁর কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নিয়ুক্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ সরাসরি দায়িত্বপ্রাপ্ত জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়ে যোগদান করবেন।

সংযুক্ত: বর্ণনামতে।

  
(শাহানারা ইয়াসমিন লিলি)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫১৪০৭৪

বিভাগীয় কমিশনার (সকল)।

অনুলিপি:

০১। সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: উপসচিব (আইন-১)।

০২। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পি.এ.সি.সি, জনপ্রশাসন মন্ত্রণালয়। ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।